



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট

স্মারকনং-সাস্ট/ পিআর/০৩/

তারিখ: ২২নভেম্বর, ২০১৭

### প্রেসবিজ্ঞপ্তি

আজ ২২নভেম্বর, ২০১৭ বিকাল ৪টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট –এ আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতা - ২০১৭ এর ফাইনাল খেলার পুরস্কার বিতরণ করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথি হিসেবে সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, সজিব ও সতেজ মন এবং সুস্থ সবল শরীরের জন্য খেলাধুলার বিকল্প নেই। এই উদ্দেশ্যকে সামনে রেখে বিশ্ববিদ্যালয় প্রশাসন সকল ধরনের খেলাধুলা আয়োজন করে থাকে। তিনি প্রতি বছরের ন্যায় এবারও আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতা আয়োজনের জন্য অংশগ্রহণকারী দলসহ সকলকে অভিনন্দন জানান।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ইফতেখার আহমেদ এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক চৌধুরী সউদ বিন আশ্বিয়া। এসময় বিভিন্ন বিভাগের প্রধান, শিক্ষক-কর্মকর্তা, ছাত্রছাত্রী ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য বিকাল ৩টায় অনুষ্ঠিত ফাইনাল খেলায় গণিত বিভাগ ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি বিভাগকে ২২-১৩ পয়েন্টে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার